

🗏 আন-নিসা | An-Nisa | ٱلنِّسَاء

আয়াতঃ 8:১৫৫

💵 আরবি মূল আয়াত:

فَبِمَا نَقضِهِم مِّيثَاقَهُم وَ كُفرِهِم بِالْيتِ اللهِ وَ قَتلِهِمُ الأنبِيَآءَ بِغَيرِ حَقِّ قَ قَولِهِم فَلَا يُومِنُونَ إلَّا قَلِيلًا قَولِهِم قُلُا يُؤمِنُونَ إلَّا قَلِيلًا قَولِهِم قُلَا يُؤمِنُونَ إلَّا قَلِيلًا هَولِهِم قُلَا يُؤمِنُونَ إلَّا قَلِيلًا هَولِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا قَلِيلًا هَولِهِم مُرْفِق مَنْ اللهُ عَلَيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا قَلِيلًا هُونَ اللهُ عَلَيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا قَلِيلًا هُونِ مَنْ اللهُ عَلَيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا قَلِيلًا عَلَيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا اللهُ عَلَيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا قَلِيلًا عَلَيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا اللهُ عَلَيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا عَلِيلًا عَلَا يُعَلِيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا اللهُ عَلَيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا اللهُ عَلَيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا اللهُ عَلَا يُؤمِنُونَ إلَّا اللهُ عَلَيهَا عَلَيهَا بِكُفرِهِم فَلَا يُؤمِنُونَ إلَّا عَلَيهَا بَعْمِ اللهُ إلَيْ عَلَا يُعْمِلُونَ اللهُ اللهُ عَلَيها اللهُ عَلَا يُعَلِيلًا عَلَيها اللهُ اللهُ عَلَا عَلَيها اللهُ اللهِ اللهُ الل

অতঃপর (তাদের শাস্তি দেয়া হয়েছিল) তাদের অঙ্গীকার ভঙ্গ, আল্লাহর আয়াতসমূহের সাথে কুফরী করা, অন্যায়ভাবে নবীগণকে হত্যা করা এবং এ কথা বলার কারণে যে, 'আমাদের অন্তরসমূহ আচ্ছাদিত'। বরং আল্লাহ তাদের কুফরীর কারণে অন্তরের উপর মোহর এঁটে দিয়েছিলেন। সুতরাং স্কল্পসংখ্যক ছাড়া তারা ঈমান আনবে না।
— আল-বায়ান

(তাদের প্রতি আল্লাহর অসন্তোষ নেমে এসেছে) তাদের ওয়া'দা ভঙ্গের কারণে, আর আল্লাহর নিদর্শনসমূহকে অস্বীকার করার কারণে, অন্যায়ভাবে নাবীগণকে তাদের হত্যা করার কারণে, আর 'আমাদের হৃদয়গুলো আচ্ছাদিত' তাদের এ কথা বলার কারণে- বরং তাদের অস্বীকৃতির কারণে আল্লাহ তাদের হৃদয়গুলোতে মোহর মেরে দিয়েছেন। যে কারণে তাদের অল্পসংখ্যক ছাড়া ঈমান আনে না। — তাইসিক্রল

কিন্তু তারা লা'নতগ্রস্ত হয়েছিল তাদের প্রতিশ্রুতি ভঙ্গ এবং আল্লাহর নিদর্শনাবলীর প্রতি তাদের অবিশ্বাস ও অন্যায়ভাবে তাদের নাবীদের হত্যা এবং "তাদের স্ব স্ব অন্তরসমূহ আচ্ছাদিত" এই উক্তি করার জন্য; হ্যাঁ - তাদের অবিশ্বাস হেতু আল্লাহ ওদের অন্তরে মোহর এঁটে দিয়েছেন, এ কারণে তারা অল্প সংখ্যক ব্যতীত বিশ্বাস করেনা । — মুজিবুর রহমান

And [We cursed them] for their breaking of the covenant and their disbelief in the signs of Allah and their killing of the prophets without right and their saying, "Our hearts are wrapped". Rather, Allah has sealed them because of their disbelief, so they believe not, except for a few. — Sahih International

১৫৫. অতঃপর (তারা অভিসম্পাত পেয়েছিল)(১) তাদের অঙ্গীকার ভঙ্গের জন্য, আল্লাহর আয়াতসমূহের সাথে কুফরী করার জন্য, নবীগণকে অন্যায়ভাবে হত্যা করার জন্য এবং 'আমাদের হৃদয় আচ্ছাদিত' তাদের এ উক্তির জন্য। বরং তাদের কুফরীর কারণে আল্লাহ তার উপর মোহর মেরে দিয়েছেন। সুতরাং কেবল অল্প সংখ্যক লোকই ঈমান আনবে।



(১) বলা হয়েছে, 'আর তাদের অঙ্গিকার ভঙ্গের কারণে এবং---' কিন্তু এর কারণে কি হয়েছে সেটা বলা হয় নি। বরং উত্তরটি উহ্য রাখা হয়েছে। সূরা আল-মায়িদাহ এর ১৩ নং আয়াতে বলা হয়েছে, আর তাদের অঙ্গিকার ভঙ্গের জন্য আমরা তাদেরকে লা'নত করেছিলাম। সুতরাং এখানেও একই অর্থ গ্রহণ করা যায়। যাজ্জাজ বলেন, আয়াতের উত্তর হচ্ছে, তাদের অঙ্গিকার ভঙ্গের কারণে তাদের উপর আমরা অনেক হালাল বস্তু হারাম করেছি। কারণ, ১৬০ নং আয়াতে তা-ই বর্ণিত হয়েছে। কোন কোন মুফাসসিরের মতে, এ আয়াতের শেষে বর্ণিত, বরং আল্লাহ তাদের উপর মোহর করেছেন এ কথাটিই উপরোক্ত কথার উত্তর। আবার কারও কারও মতে, আয়াতের শেষে বর্ণিত, কেবল অল্প সংখ্যকই ঈমান আনবে এটাই হচ্ছে পূর্ববর্তী কথার উত্তর। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১৫৫) (তারা অভিশপ্ত হয়েছিল) কারণ, তারা তাদের অঙ্গীকার ভঙ্গ করেছিল, আল্লাহর আয়াতসমূহকে অবিশ্বাস করেছিল, নবীগণকে অন্যায়ভাবে হত্যা করেছিল[1] এবং বলেছিল, 'আমাদের হৃদয় আচ্ছাদিত।' বরং তাদের অবিশ্বাসের জন্য আল্লাহই তাদের (হৃদয়ে) মোহর মেরে দিয়েছেন, ফলে তাদের অল্প সংখ্যকই বিশ্বাস করে।

[1] প্রকৃত বাক্য এই রকম হবে; (فَبِنَقْصِهِمْ مِيْنًا قَهُمْ لَعَنَّاهُم) অর্থাৎ আমি তাদেরকে অঙ্গীকার ভঙ্গ, আল্লাহর নিদর্শনাবলীকে অস্বীকার ও অন্যায়ভাবে নবীগণকে হত্যা করার কারণে অভিশপ্ত করেছিলাম বা শাস্তি দিয়েছিলাম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=648

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন